

যুগান্তর

নটর ডেম কলেজে ভর্তির আবেদন শুরু ২৬ মে

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৯ মে ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

নটর ডেম কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন শুরু হবে ২৬ মে। আগ্রহী শিক্ষার্থীদের আবেদন করতে হবে ২৫ মে রাত ১২টা ১ মিনিট (২৬ মে) থেকে। ইতোমধ্যে ভর্তির জন্য জিপিএসহ যোগ্যতার শর্ত প্রকাশ করেছে কলেজটি। আবেদনের ন্যূনতম যোগ্যতা হিসাবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য বাংলা মাধ্যম ও ইংরেজি ভাস্করন (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগ জিপিএ-৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগ জিপিএ-৪ থাকতে হবে। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভাস্করনের জন্য আবেদন করতে পারবে না। ও লেভেল শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে না।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৫০, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে জিপিএ-৩.৫০ থাকতে হবে। লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তি করা হবে।

কলেজের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৩০ মে বিকাল ৫টা পর্যন্ত নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইটে ndc.edu.bd অনলাইনে আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। আবেদনের নিয়মাবলি কলেজের ওয়েবসাইটে দেওয়া আছে। আবেদন করার সময় ভর্তি পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৪০০ টাকা বিকাশের মাধ্যমে পাঠাতে হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

